আলমডাঙ্গার গোকুলখালিতে ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে যুবক নিহত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে সুজিত মাঝি (৩২) নামের এক যুবক নিহত হয়েছে। দুর্ঘটনার পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত ব্যাক্তিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রবিবার সকাল সাড়ে ৯ টায় চুয়াডাঙ্গা-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের উপজেলার গোকুলখালি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সুজিত মাঝি চুয়াডাঙ্গা সদর উপজেলার হাজরাহাটি গ্রামের মৃত রতন মাঝির ছেলে।

স্থানীয়রা জানান, রবিবার সকালে সুজিত আলমসাধু যোগে মেহেরপুরে মুদি দোকানের মালামাল নিয়ে যাচ্ছিলো। পথেই গোকুলখালি বাজার প্রাঙ্গণে পৌছালে বিপরীত দিক থেকে আসা ট্রাকে মুখোমুখি সংঘর্ষ হয়। নিহত সুজিত আলমসাধু গাড়ি থেকে ছিটতে রাস্তায় পড়ে গুরুত্বর আহত হয়। চুয়াডাঙ্গা সদর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তাকে হাসপাতালে নিলে পথেই তিনি মারা যান।

নিহত সুজিত মাঝির মা বলেন, আমার ছেলে পেশায় আলমসাধু চালক। রবিবার সকালে এক ব্যক্তির সঙ্গে মুদি মালামাল নিয়ে মেহেরপুরে যাচ্ছিল। বাড়ি থেকে যাওয়ার ঘন্টা-খানেক পর শুনতে পাই, ছেলে আর বেঁচে নেই।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. নুরজাহান খাতুন বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। সুজিতের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে আঘাতপ্রাপ্ত হয়েছিল। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, ঘটনার পর চালক ট্রাকটি নিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত অবস্থায় সুজিতকে উদ্ধার করে সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরবর্তী আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।